প্রতিদিন অন্তত: একবার বাকাশিবোর ওয়েবসাইট www.bteb.gov.bd ভিজিট করুন।

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা

পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ

এইচএসসি (ব্যবসায় ব্যবস্থাপনা) শাখা

Website : www.bteb.gov.bd

স্মারক নং-৫৭.১৭.০০০০.৩০২.৯৯.১৪০.১৯.২৫৬ তারিখ ঃ ৩১-১২-২০১৯ খ্রিঃ

বিজ্ঞপ্তি

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন এইচএসসি (বিএম) ও ডিপ্লোমা-ইন-কমার্স শিক্ষাক্রম পরিচালিত প্রতিষ্ঠান প্রধান/অধ্যক্ষ ও সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে ২০২০ সনে অনুষ্ঠিতব্য এইচএসসি (বিএম) একাদশ ও দ্বাদশ এবং ডিপ্লোমা-ইন-কমার্স শিক্ষাক্রমের ১ম ও ২য় বর্ষ চূড়ান্ত পরীক্ষায় নিয়মিত/অনিয়মিত এবং পরিপূরক (নতুন ও পুরাতন সিলেবাস অনুযায়ী) পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণে ইচ্ছুক শিক্ষার্থীদের অনলাইনে ফরম পূরণ, অনলাইনে সোনালী সেবার মাধ্যমে ফরম পূরণের ফি প্রেরণ এবং পরীক্ষা সংক্রান্ত বিভিন্ন কার্যক্রম নিম্নোক্ত বর্ণনা মোতাবেক যথাসময়ে সম্পন্ন করতে অনুরোধ করা হ'ল ।

পরীক্ষার সময়সূচি এবং পরীক্ষা কেন্দ্রের চূড়ান্ত তালিকা যথাসময়ে প্রকাশ করা হবে। এতদসংক্রান্ত তথ্যাদি বোর্ডের **Website: www.bteb.gov.bd** –এ পাওয়া যাবে।

১. পরীক্ষার্থীর বিবরণ ঃ (নিয়মিত,অনিয়মিত ও পরিপূরক)

ক) নিয়মিত পরীক্ষার্থী (১ম বর্ষ ও ২য় বর্ষ) ঃ

১. ১ম বর্ষ নিয়মিত পরীক্ষার্থী ঃ ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থী ২০২০ সনে অনুষ্ঠিতব্য এইচএসসি (বিএম) একাদশ ও ডিপ্লোমা-ইন-কমার্স ১ম বর্ষ চূড়ান্ত পরীক্ষায় নিয়মিত পরীক্ষার্থী হিসেবে গণ্য হবে।

২. ২য় বর্ষ নিয়মিত পরীক্ষার্থী ঃ ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে ১ম বর্ষে রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থী ২০১৯ সনে অনুষ্ঠিত ১ম বর্ষ চূড়ান্ত পরীক্ষায় উত্তীর্ণ, সেই সকল শিক্ষার্থী ২০২০ সনে অনুষ্ঠিতব্য এইচএসসি (বিএম)/ ডিপ্লোমা-ইন-কমার্স ২য় বর্ষ চূড়ান্ত পরীক্ষায় নিয়মিত পরীক্ষার্থী হিসেবে গণ্য হবে।

খ) অনিয়মিত পরীক্ষার্থী (১ম বর্ষ ও ২য় বর্ষ) ঃ

১ম বর্ষ অনিয়মিত পরীক্ষার্থী ঃ

১. যে সকল পরীক্ষার্থী ২০১৯ সনে অনুষ্ঠিত ১ম বর্ষ চূড়ান্ত পরীক্ষায় ফরম পূরণ করে পরীক্ষায় অংশগ্রহণ করে নাই অথবা অংশগ্রহণ করে ৩ (তিন) বা ততোধিক বিষয়ে অকৃতকার্য হয়েছে তারা রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে ২০২০ সনে অনুষ্ঠিতব্য ১ম বর্ষ চূড়ান্ত পরীক্ষায় রেজিস্ট্রেশনের সেশন অনুযায়ী নির্ধারিত সিলেবাসে প্রণীত প্রশ্নপত্রে অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে। ঐ সকল পরীক্ষার্থী শুধু অকৃতকার্য বিষয়সমূহে পরীক্ষায় অংশগ্রহণ করবে।

২. ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণীতে কোন শিক্ষার্থী নির্ধারিত হাজিরা না থাকলে বা ধারাবাহিক মূল্যায়নে অকৃতকার্য বা শিক্ষা পরিষদের নিকট গ্রহণযোগ্য অন্য কোন কারণে ২০১৯ সনের প্রথম বর্ষ বোর্ড সমাপনী পরীক্ষায় ফরম পূরনে ব্যর্থ হলে, সে সকল শিক্ষার্থী রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে ২০২০ সনে অনুষ্ঠিতব্য একাদশ শ্রেণি বোর্ড সমাপনী পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

৩. যে সকল পরীক্ষার্থী ২০১৯ সনে অনুষ্ঠিত ১ম বর্ষ চূড়ান্ত পরীক্ষায় পরিপূরক পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করে এক বা একাধিক বিষয়ে অকৃতকার্য হয়েছে সে সকল শিক্ষার্থী রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে ২০২০ সনে অনুষ্ঠিতব্য ১ম বর্ষ চূড়ান্ত পরীক্ষায় রেজিস্ট্রেশনের সেশন অনুযায়ী নির্ধারিত সিলেবাসে প্রণীত প্রশ্নপত্রে অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে।

৪. বহিঃষ্কৃত পরীক্ষার্থীদের মধ্যে যাদের শাস্তির মেয়াদ উত্তীর্ণ হয়েছে, কিংবা কেবলমাত্র ২০১৯ সনের ১ম বর্ষের চূড়ান্ত পরীক্ষা বাতিল হয়েছে, রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে তারা অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অকৃতকার্য বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

৫. যে সকল পরীক্ষার্থী ২০১৯ সনে অনুষ্ঠিত ১ম বর্ষ চূড়ান্ত পরীক্ষায় ফরম ফিলাপ করেনি, সে সকল শিক্ষার্থী রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে সংযোগ ফি (৩০০/-) দিয়ে ২০২০ সনে অনুষ্ঠিতব্য ১ম বর্ষ চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। পরীক্ষার্থীর আবেদন ও রেজিস্ট্রেশনের ফটোকপি সংযুক্ত করে তা বিএম শাখায় ১০তলায় জমা দিতে হবে।

২য় বর্ষ অনিয়মিত পরীক্ষার্থী ঃ

১. যে সকল পরীক্ষার্থী ২০১৯ সনে অনুষ্ঠিত ২য় বর্ষ চূড়ান্ত পরীক্ষায় ফরম পূরণ করে পরীক্ষায় অংশগ্রহণ করে নাই অথবা অংশগ্রহণ করে অকৃতকার্য হয়েছে ; তারা ২০২০ সনে অনুষ্ঠিতব্য ২য় বর্ষ চূড়ান্ত পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে গণ্য হবে।

২. ২০১৮ সনে বা তার পূর্বে ২য় বর্ষ চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হয়েছে কিন্তু ২০১৯ সনের ২য় বর্ষ চূড়ান্ত পরীক্ষার ফরম পূরণ করে নাই ঐ সকল শিক্ষার্থী রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে ২০২০ সনে অনুষ্ঠিতব্য ২য় বর্ষ চূড়ান্ত পরীক্ষায় অনিয়মিত পরিক্ষার্থী হিসেবে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। অনুমতি গ্রহণের আবেদনপত্রের সাথে ২য় বর্ষ পরীক্ষার প্রবেশপত্রের কপি ও ২য় বষের্র নম্বরপত্র/ ট্রান্সক্রিপটের কপি অবশ্যই সংযুক্ত করতে হবে।

৩. দ্বাদশ শ্রেণীর কোন শিক্ষার্থী নির্ধারিত হাজিরা না থাকলে বা ধারাবাহিক মূল্যায়নে অকৃতকার্য বা শিক্ষা পরিষদের নিকট গ্রহণযোগ্য অন্য কোন কারনে ২০১৯ সনের ২য় বর্ষ চূড়ান্ত পরীক্ষায় ফরম পূরনে ব্যর্থ হলে, সে সকল শিক্ষার্থী রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে বোর্ড নির্ধারিত ফি প্রদান পূর্বক বোর্ডের অনুমতি গ্রহণ করে ২০২০ সনে অনুষ্ঠিতব্য ২য় বর্ষ চূড়ান্ত পরীক্ষায় অনিয়মিত পরিক্ষার্থী হিসেবে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

৪. ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের রেজিস্ট্রেশন ব্যতীত অন্য যেকোন শিক্ষাবর্ষের রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থী ২০১৮ সনের অনুষ্ঠিত ১ম বর্ষ চূড়ান্ত পরীক্ষায় উত্তীর্ণ হলে তারা রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে ২০২০ সনে অনুষ্ঠিতব্য ২য় বর্ষ চূড়ান্ত পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

৫. বহিঃষ্কৃত পরীক্ষার্থীদের মধ্যে যাদের শাস্তির মেয়াদ উত্তীর্ণ হয়েছে, কিংবা কেবলমাত্র ২০১৯ সনের ২য় বর্ষের চূড়ান্ত পরীক্ষা বাতিল হয়েছে; তারা রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে ২০২০ সনে অনুষ্ঠিতব্য ২য় বর্ষ চূড়ান্ত পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অকৃতকার্য বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

৬. যে সকল পরীক্ষার্থী ২০১৯ সনে অনুষ্ঠিত ২য় বর্ষ চূড়ান্ত পরীক্ষায় ফরম ফিলাপ করেনি, সে সকল শিক্ষার্থী রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে সংযোগ ফি (৩০০/-) দিয়ে ২০২০ সনে অনুষ্ঠিতব্য ২য় বর্ষ চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। পরীক্ষার্থীর আবেদন ও রেজিস্ট্রেশন, ১ম বর্ষের প্রবেশপত্র ও নম্বরপত্রের ফটোকপি সংযুক্ত করে তা বিএম শাখায় ১০তলায় জমা দিতে হবে।

গ) পরিপূরক পরীক্ষার্থী ঃ যে সকল পরীক্ষার্থী ২০১৯ সনে অনুষ্ঠিত ১ম বর্ষ চূড়ান্ত পরীক্ষায় অনধিক ২ (দুই) বিষয়ে অকৃতকার্য হয়েছে ; তারা ২০২০ সনে অনুষ্ঠিতব্য ২য় বর্ষ চূড়ান্ত পরীক্ষার সাথে ১ম বর্ষের অকৃতকার্য বিষয়/বিষয়সমূহে রেজিস্ট্রেশনের সেশন অনুযায়ী নির্ধারিত সিলেবাসে প্রণীত প্রশ্নপত্রে পরিপূরক পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে।

একাদশ শ্রেণির পরিপূরক (অনধিক দুই বিষয়) পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হওয়া শিক্ষার্থী রেজিস্ট্রেশনের ***মেয়াদ থাকা পর্যন্ত ১ম বর্ষ চূড়ান্ত পরীক্ষায় রেজিস্ট্রেশনের সেশন অনুযায়ী নির্ধারিত সিলেবাসে প্রণীত প্রশ্নপত্রে অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে। এরূপ শিক্ষার্থী দ্বাদশ শ্রেণির বোর্ড সমাপনী পরীক্ষায় অংশগ্রহণ করে উত্তীর্ণ হলেও তাকে অকৃতকার্য ঘোষণা করা হবে। কেবল একাদশ শ্রেণির বোর্ড সমাপনী পরীক্ষায় উত্তীর্ণ হলেই তাকে উত্তীর্ণ ঘোষণা করা হবে।***

ঘ) পরীক্ষায় অংশগ্রহণের অযোগ্যতা ঃ

১. শিক্ষার্থী ২০১৫- ২০১৬ শিক্ষাবর্ষ বা -এর পূর্বে রেজিস্ট্রেশনকৃত হলে।

২. শিক্ষার্থী ধারাবাহিক (TC, PC) নম্বরে অকৃতকার্য হলে।

৩. শিক্ষার্থীর বহিঃস্কার সূত্রে আরোপিত শাস্তির মেয়াদ শেষ না হলে।

২. পরীক্ষার্থীদের নিকট হতে আদায়যোগ্য ফি সমূহের হার ঃ

২.১ ১ম বর্ষ ও ২য় বর্ষ (নিয়মিত ও অনিয়মিত) পরীক্ষার্থীদের নিকট হতে পরীক্ষার ফি নিম্নরূপ হারে আদায় করতে হবে ঃ

ক্রম	বিবরণ	ফি এর পরিমাণ	মন্তব্য
ক.	পরীক্ষার ফি (১ম ও ২য় বর্ষ) প্রতি পরীক্ষার্থী	৪০০/- (চারশত) টাকা	বোর্ডের প্রাপ্য ১০০%
খ.	একাডেমিক ট্রান্সক্রিপ্ট ফি (১ম ও ২য় বর্ষ) প্রতি পরীক্ষার্থী	৭৫/- (পঁচাত্তর) টাকা	বোর্ডের প্রাপ্য ১০০%
গ.	সনদপত্র ফি (শুধুমাত্র ২য় বর্ষ) প্রতি পরীক্ষার্থী (ইতোপূর্বে ২য় বর্ষ চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণ না করলে)	১০০/- (একশত) টাকা	বোর্ডের প্রাপ্য ১০০%
ঘ.	বাস্তব প্রশিক্ষণ ফি (১ম ও ২য় বর্ষ) প্রতি পরীক্ষার্থী	১২০/- (একশত কুড়ি) টাকা	বোর্ডের ৭০/- প্রতিষ্ঠান ৫০/- টাকা প্রাপ্য
ঙ.	কেন্দ্র ফি (১ম ও ২য় বর্ষ) প্রতি পরীক্ষার্থী	৩৫০/- (তিনশত পঞ্চাশ) টাকা	কেন্দ্র প্রাপ্য ১০০%
চ	ব্যবহারিক কেন্দ্র ফি প্রতি পরীক্ষার্থী	১০০/- (একশত) টাকা	কেন্দ্র প্রাপ্য ১০০%
ছ	ব্যবহারিক পরীক্ষার ফি প্রতি বিষয়/প্রতি পরীক্ষার্থী	২৫/- (পঁচিশ) টাকা	কেন্দ্র প্রাপ্য ১০০%
জ	সংযোগ রক্ষাকারী ফি	৩০০/- (তিনশত) টাকা	বোর্ডের প্রাপ্য ১০০%

২.২ **১ম বর্ষ (পরিপূরক) পরীক্ষার্থীদের নিকট হতে** পরীক্ষার **ফি নিম্নরূপ হারে আদায় করতে হবে ঃ**

ক্রম	বিবরণ	ফি এর পরিমাণ	মন্তব্য
ক.	পরীক্ষার ফি প্রতি পরীক্ষার্থী	৪০০/- (চারশত) টাকা	বোর্ডের প্রাপ্য ১০০%
খ.	একাডেমিক ট্রান্সক্রিপ্ট ফি প্রতি পরীক্ষার্থী	৭৫/- (পঁচাত্তর) টাকা	বোর্ডের প্রাপ্য ১০০%
গ.	বাস্তব প্রশিক্ষণ ফি প্রতি পরীক্ষার্থী (যদি বাস্তব প্রশিক্ষণে অনুত্তির্ণ হয়ে থাকে)	১২০/- (একশত কুড়ি) টাকা	বোর্ডের ৭০/- প্রতিষ্ঠান ৫০/- টাকা প্রাপ্য
ঘ.	ব্যবহারিক পরীক্ষার ফি প্রতি বিষয়/প্রতি পরীক্ষার্থী	২৫/- (পঁচিশ) টাকা	কেন্দ্রের প্রাপ্য ১০০%

* **২০-০১-২০২০ হতে ২২-০১-২০২০** পর্যন্ত **সোনালী সেবার মাধ্যমে ফরম পূরণের ফি জমা দিতে হবে।**

* পরীক্ষার্থীর নিকট হতে কোনভাবেই নির্ধারিত ফি এর অতিরিক্ত ফি গ্রহন করা যাবেনা। এ বিষয়ে সুনির্দিষ্ট প্রমাণ পাওয়া গেলে বিধি মোতাবেক সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ব্যাপারে ব্যবস্থা গ্রহন করা হবে।

৩. ফরম পূরনের টাকা জমা দেওয়ার নিয়ম (১৩ অনুচ্ছেদ এ Flow Chart এবং User Manual এ বিস্তারিত উল্লেখ **আছে) ঃ**

৩.১ ফরম পূরন সম্পন্ন করার পর payment summary তে ক্লিক করে online payment এর তথ্যে যেতে হবে।

৩.২ payment summary এর নিচে Click For Online Payment এ ক্লিক করে Security PIN নম্বর সংগ্রহ করতে হবে।

৩.৩ Security PIN নম্বর এর নিচে Click here For Online Payment Registration এ ক্লিক করে উক্ত PIN নম্বর ব্যবহার করে Registration করতে হবে। এরপর SING UP এ ক্লিক করতে হবে।

৩.৪ নতুন Password ও প্রতিষ্ঠান কোড ব্যবহার করে LOGIN করতে হবে।

৩.৫ আগত Page এর উপরের মেন্যু থেকে Institute Payment এ ক্লিক করতে হবে।

৩.৬ Curriculum, Fee Type ও Service Select করে Voucher প্রিন্ট করতে হবে।

৩.৭ Print এ ক্লিক করে BTEB Counter Payment Voucher সংগ্রহ করে নিকটস্থ সোনালী ব্যাংক (যেখানে সোনালী সেবা চালু আছে) এ ফরম পূরনের টাকা জামা প্রদান করতে হবে।

৩.৮ Institute Payment Search এ ক্লিক করে টাকা জমার বিষয়ে নিশ্চিত করতে হবে।

৩.৯ এইচএসসি (বিএম)/ডিপ্লোমা-ইন-কমার্স শিক্ষাক্রমের পরীক্ষার ফরম পূরণ সংক্রান্ত সকল কার্যক্রম অবশ্যই সংশ্লিষ্ট শিক্ষাক্রমের সাথে সম্পৃক্ত প্রভাষক/শিক্ষকের মাধ্যমে বর্ণিত নিয়মে সঠিকভাবে এবং নির্দিষ্ট সময়ে সম্পাদন করতে হবে।

৪. পরীক্ষার্থীদের নিকট হতে আদায়কৃত অবশিষ্ট অর্থ (কেন্দ্র/প্রতিষ্ঠান কর্তৃক ব্যয়যোগ্য) ব্যয়ের বিবরণ ঃ

৪.১ লিখিত পরীক্ষা আরম্ভ হওয়ার ১ (এক) সপ্তাহ পূর্বে অবশ্যই সংশ্লিষ্ট পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার বরাবরে নগদ/ব্যাংক ড্রাফটের মাধ্যমে কেন্দ্র ফি-বাবদ টাঃ ৩৫০/- ব্যবহারিক পরীক্ষার কেন্দ্র ফি-বাবদ টাঃ ১০০/- ও ব্যবহারিক পরীক্ষার ফি-বাবদ (প্রতি বিষয়ে) আদায়কৃত টাঃ ২৫/- শিক্ষা প্রতিষ্ঠান হতে প্রেরণ করতে হবে। কোন প্রতিষ্ঠান হতে কেন্দ্র ফি ও ব্যবহারিক পরীক্ষার ফি যথাসময়ে কেন্দ্রে পরিশোধ না করার অভিযোগ পাওয়া গেলে উক্ত প্রতিষ্ঠানের ফলাফল স্থগিত থাকবে।

৪.২ বোর্ডের নীতিমালা অনুযায়ী পরীক্ষা সমাপ্তির পর কেন্দ্র ফি-বাবদ আদায়কৃত অর্থ পরীক্ষা সংক্রান্ত কাজে নিয়োজিত সকল স্তরের কর্মকর্তা ও কর্মচারিদের মধ্যে পারিশ্রমিক হিসেবে পরিশোধের ব্যবস্থা করতে হবে।

৪.৩ ব্যবহারিক পরীক্ষা সমাপ্তির পর অভ্যন্তরীণ/অনাভ্যন্তরীণ ব্যবহারিক পরীক্ষকগণ বোর্ড প্রবর্তিত হারে (প্রতি পরীক্ষার্থী প্রতি বিষয়ে টাঃ ১০/) ব্যবহারিক পরীক্ষা বাবদ আদায়কৃত অর্থ হতে পারিশ্রমিক প্রাপ্য হবেন। অবশিষ্ট অর্থ সংশ্লিষ্ট কেন্দ্র ব্যবহারিক পরীক্ষার কাঁচামাল ক্রয়ে ব্যবহার করতে পারবে।

৪.৪ পরীক্ষার্থীদের নিকট হতে আদায়কৃত পরীক্ষার ফি, একাডেমিক ট্রান্সক্রিপ্ট ফি, সনদপত্রের ফি এবং বাস্তব প্রশিক্ষণ ফি (১২০/- টাকা থেকে বোর্ডের প্রাপ্য ৭০/- টাকা বোর্ডের জন্য রেখে বাস্তব প্রশিক্ষণের ফি-বাবদ আদায়কৃত ৫০/- টাকা বাস্তব প্রশিক্ষণ সংক্রান্ত কাজে ব্যয় হবে।

৪.৫ পরীক্ষা সমাপ্তির পর কেন্দ্রের ব্যয়ের একটি সামগ্রিক হিসাব জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক সত্যায়িত করে PF এর হার্ডকপি, হাজিরাশিট জমাদানের সময় বোর্ডের বিএম শাখায় জমা দিতে হবে।

৫. অনলাইনে ফরম পূরণ সংক্রান্ত তথ্য ঃ

নিম্নোক্ত ছক-১ এ বর্ণিত তারিখ অনুযায়ী অনলাইনে ফরম পূরণ সংক্রান্ত কার্যক্রম অবশ্যই সম্পন্ন করতে হবে।

<u>অনলাইন ফরম পূরণ সংক্রান্ত ছক (ছক-১)</u>

অনলাইনে ফরম পূরণের তারিখ	বিলম্ব ফি ছাড়া ফরম পূরণকৃত পরীক্ষার্থীদের চূড়ান্ত তালিকা প্রিন্ট করার তারিখ	বিলম্ব ফি-সহ ফরম পূরণের তারিখ (প্রতি পরীক্ষার্থী ৩০০ টাকা)	বিলম্ব ফি সহ ফরম পূরণকৃত পরীক্ষার্থীদের চূড়ান্ত তালিকা প্রিন্ট করার তারিখ
০৫-০১-২০২০ হতে ১৫-০১-২০২০	১৬-০১-২০২০	১৬-০১-২০২০ হতে ২০-০১-২০২০	২১-০১-২০২০

৫.১. নির্ধারিত ০৫-০১-২০২০ হতে ১৫-০১-২০২০ তারিখের মধ্যে অনলাইনে স্ব-স্ব প্রতিষ্ঠানের পরীক্ষার্থীদের ফরম পূরণ করতে হবে। কোন শিক্ষার্থী ধারাবাহিক পরীক্ষায় অকৃতকার্য হলে তার ফরম পূরণ করানো যাবে না।

৫.২. বিলম্ব ফি ব্যতীত ফরম পূরণকৃত পরীক্ষার্থীদের চূড়ান্ত তালিকা ১৬-০১-২০২০ এবং বিলম্ব ফি-সহ ফরম পূরণকৃত পরীক্ষার্থীদের চূড়ান্ত তালিকা ২১-০১-২০২০ তারিখ প্রিন্ট করতে হবে। উল্লেখিত তারিখের পূর্বের প্রিন্ট কপি গ্রহণ করা হবে না।

৫.৩. ২০-০১-২০২০ হতে ২২-০১-২০২০ পর্যন্ত সোনালী সেবার মাধ্যমে ফরম পূরণের ফি জমা দিতে হবে।

৫.৪. অনলাইন ফরম পূরণ সংক্রান্ত যাবতীয় নির্দেশাবলী দেখে ফরম পূরণ করতে হবে। অনলাইনে ফরম পূরণ সংক্রান্ত কোন জটিলতা দেখা দিলে ০১৫৫০৬২০৬০৪, ০১৮৭৬৩৯৭১৩৮ নম্বরে যোগাযোগ করে তাৎক্ষণিক সমাধান করতে হবে।

৬. **TC, PC, ফরম ফিলাপ হার্ডকপি, BTEB Payment Voucher জমা এবং প্রবেশপত্র ও পরীক্ষা সংক্রান্ত মালামাল বিতরণ ঃ**

৬.১. নিম্নোক্ত ছক ২ -এ বর্ণিত তারিখ অনুযায়ী প্রবেশপত্র ও উত্তরপত্রসহ পরীক্ষা সংক্রান্ত আনুসাংগিক মালামাল সরবরাহ করা হবে। কেন্দ্র সচিব/ মনোনীত প্রতিনিধি কেন্দ্রাধীন সকল প্রতিষ্ঠানের প্রবেশপত্র এবং উত্তরপত্রসহ অন্যান্য মালামাল গ্রহণ করবেন। শুধুমাত্র কেন্দ্র সচিব/মনোনীত প্রতিনিধিকেই প্রবেশপত্র, উত্তরপত্র ইত্যাদি সরবরাহ করা হবে।

৬.২. সংশ্লিষ্ট প্রতিষ্ঠান ফরম পূরণকৃত পরীক্ষার্থীর তালিকা (হার্ডকপি ও সফটকপি) এবং BTEB Payment Voucher প্রবেশপত্র গ্রহনের নূন্যতম ৩(তিন) দিন পূর্বে সংশ্লিষ্ট কেন্দ্রে জমা দিবেন। জমাকৃত হার্ডকপিতে অবশ্যই প্রতিষ্ঠান প্রধানে স্বাক্ষর সিল ও তারিখ থাকতে হবে।

৬.৩.**TC, PC, ফরম ফিলাপ হার্ডকপি, BTEB Payment Voucher জমা এবং প্রবেশপত্র ও মালামাল বিতরণ ছক (ছক-২)**

ক্র. নং	জেলার নাম	বিতরণের তারিখ	ক্র. নং	জেলার নাম	বিতরণের তারিখ
১	পঞ্চগড়, ঠাকুরগাঁও, দিনাজপুর	০১-০৩-২০২০	১০	বরগুনা, পটুয়াখালী, ভোলা, ঝালকাঠী	১২-০৩-২০২০
২	নীলফামারী, রংপুর ,কুড়িগ্রাম	০২-০৩-২০২০	১১	চট্টগ্রাম, খাগড়াছড়ি, রাঙ্গামাটি, বান্দরবান, কক্সবাজার	১৪-০৩-২০২০
৩	গাইবান্ধা,বগুড়া,জয়পুরহাট	০৩-০৩-২০২০	১২	বরিশাল, শরিয়তপুর, মাদারীপুর, গোপালগঞ্জ, ফরিদপুর, রাজবাড়ী	১৫-০৩-২০২০
৪	লালমনিরহাট, নওগাঁ, নাটোর	০৪-০৩-২০২০	১৩	টাংগাইল, জামালপুর	১৬-০৩-২০২০
৫	রাজশাহী, চাঁপাইনবাবগঞ্জ	০৫-০৩-২০২০	১৪	শেরপুর, ময়মনসিংহ,	১৭-০৩-২০২০
৬	সিরাজগঞ্জ, পাবনা,	০৮-০৩-২০২০	১৫	নেত্রকোনা, সুনামগঞ্জ, সিলেট, মৌলভীবাজার, হবিগঞ্জ	১৮-০৩-২০২০
৭	কুষ্টিয়া, মেহেরপুর, চুয়াডাংগা, ঝিনাইদহ, মাগুরা,	০৯-০৩-২০২০	১৬	কিশোরগঞ্জ, লক্ষ্মীপুর, নোয়াখালী, ফেনী,	১৯-০৩-২০২০
৮	নড়াইল, যশোর, সাতক্ষীরা	১০-০৩-২০২০	১৭	বি-বাড়িয়া, কুমিল্লা, চাঁদপুর,	২১-০৩-২০২০
৯	খুলনা, বাগেরহাট, পিরোজপুর	১১-০৩-২০২০	১৮	ঢাকা, গাজীপুর, মানিকগঞ্জ, মুন্সিগঞ্জ, নরসিংদী, নারায়নগঞ্জ	২২-০৩-২০২০

৭. প্রবেশপত্র সংশোধনী ঃ

৭.১। রেজিস্ট্রেশন কার্ডে কোনরূপ ত্রুটি থাকলে অবশ্যই তা প্রবেশপত্র ইস্যুর পূর্বে সংশোধন করতে হবে।

৭.২। রেজিস্ট্রেশন কার্ডের ভুলের কারণে ভুল প্রবেশপত্র ইস্যু হলে শিক্ষার্থী প্রতি টাঃ ৫০০/- প্রদানপূর্বক সংশোধিত প্রবেশপত্র ইস্যু করা যাবে।

৭.৩। কেন্দ্রাধীন শিক্ষা প্রতিষ্ঠানকে কেন্দ্র হতে প্রবেশপত্র গ্রহণ করে পরীক্ষার্থীদের মধ্যে বিতরণ করতে হবে। প্রবেশপত্র গ্রহণ করার পর তা ঠিক আছে কি না যাচাই করতে হবে। কোন ভুলত্রুটি থাকলে তা পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার পূর্বেই নির্ধারিত টাঃ ৫০০/- ফি প্রদান পূর্বক সংশোধন করে নিতে হবে।

৮. <u>বিশেষ শর্তাবলী ঃ</u>

৮.১ কোন পরীক্ষার্থী ১ম/২য় বর্ষ ধারাবাহিক মূল্যায়নে অকৃতকার্য হলে (৩৩% এর কম নম্বর পেলে) তাকে চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে না। এরূপ পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করলে তার সকল বিষয়ের পরীক্ষা বাতিল বলে গণ্য হবে এবং এর সব দায়-দায়িত্ব প্রতিষ্ঠানকেই নিতে হবে।

৮.২ সংশ্লিষ্ট প্রবিধান মোতাবেক বিষয় ভিত্তিক উত্তীর্ণমান ও পূর্ণমান সঠিক ভাবে যাচাই সাপেক্ষে পরীক্ষার্থীর প্রাপ্ত নম্বর Online -এ ইনপুট দিতে হবে। প্রতিষ্ঠানের ভুলের কারণে শিক্ষার্থীদের ফলাফল সংক্রান্ত জটিলতার দায়-দায়িত্ব প্রতিষ্ঠানকেই বহন করতে হবে।

৮.৩ কোন পরীক্ষার্থীর ধারাবাহিকের (TC, PC) নম্বর অনলাইনে প্রেরণ করা না হলে তার ফরম পূরণ করা যাবে না। ফরম পূরণের পূর্বেই এ সংক্রান্ত জটিলতা থাকলে তা যথাযথ কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে নিষ্পত্তি করতে হবে।

৮.৪ এইচএসসি(বিএম) ও ডিপ্লোমা-ইন-কমার্স পরীক্ষা সংক্রান্ত সকল যোগাযোগের ক্ষেত্রে অত্র বোর্ডের **<u>পরীক্ষা নিয়ন্ত্রক, দৃষ্টি আকর্ষণ ঃ উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (বিএম)</u> বরাবরে** উল্লেখ করতে হবে।

৯. অত্র বোর্ডের অধীন এইচএসসি (বিএম) ও ডিপ্লোমা-ইন-কমার্স শিক্ষাক্রমের পরীক্ষার উত্তরপত্র মূল্যায়ন করতে ইচ্ছুক শিক্ষকদের তথ্য অনলাইনে প্রদর্শিত তথ্য ছক মোতাবেক পূরণ করে বোর্ডের ওয়েবসাইটের মাধ্যমে পাঠাতে হবে।

১০. উত্তরপত্র, অতিরিক্ত উত্তরপত্র ব্যবহারের হিসাব (প্রতি দিবস/ শিফট) একটি রেজিঃ খাতায় লিপিবদ্ধ করতে হবে। অব্যবহৃত উত্তরপত্র, অব্যবহৃত অতিরিক্ত উত্তরপত্র ও পরীক্ষায় ব্যবহৃত খালি ট্যংকটি (দুইটি তালা ও ছয়টি চাবি) ব্যবহারিক চূড়ান্ত পরীক্ষা সমাপ্তির ৩ (তিন) দিনের মধ্যে বোর্ডে ফেরত দিতে হবে।

১১. উত্তরপত্রের লিখোর উপরের অংশে (Top Part) বৃত্ত ভরাটের ক্ষেত্রে করনীয়ঃ

১১.১ ঃ রেজিঃ কলামগুলো ১০(দশ) ঘরের (অংকের) থাকায় শিক্ষার্থীগণ ডান থেকে (একক স্থানীয় অংক) বৃত্ত (ঘর) ভরাট করবে এবং বাম দিকের খালি ঘরগুলো শূন্য দিয়ে ভরাট করবে। অনুরুপভাবে ৫(পাঁচ) ঘরের (অংকের) বিষয় কোডের সর্ব বামের ঘরটি ০(শূন্য) দিয়ে বৃত্ত ভরাট করবে।

১১.২ ঃ এ বিষয়ে সংশ্লিষ্ট শ্রেনী শিক্ষক ও বিভাগীয় প্রধানগণের সহযোগিতায় পরীক্ষার্থীদেরকে প্রশিক্ষণ দিতে হবে।

১২. অত্র বোর্ডের এইচএসসি (বিএম) এবং ডিপ্লোমা-ইন-কমার্স শিক্ষাক্রমের ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের জন্য প্রণীত শিক্ষা বর্ষপঞ্জির আলোকে উক্ত পরীক্ষার ফরম পূরণ ও পরীক্ষা সংক্রান্ত বিভিন্ন কার্যক্রম পরিচালনার জন্য বিজ্ঞপ্তি প্রকাশ করা হল। এইচএসসি (বিএম) এবং ডিপ্লোমা-ইন-কমার্স শিক্ষাক্রমের শিক্ষার্থীদের ফরম পূরণ ও পরীক্ষা সংক্রান্ত যেকোন বিষয়ে বিস্তারিত জানতে প্রয়োজনে বিএম শাখার ০১৭৩২২৯৭৬০৭,০১৭৩২২৯৭৬০৮ নম্বরে যোগাযোগ করা যাবে।

১৩. সোনালী সেবার মাধ্যমে ফরম পূরণের ফি জমা দেয়ার বিস্তারিত নিয়মাবলী নিম্নে Flow Chart এবং User Manual এ উল্লেখ করা হলো।

সোনালী সেবার মাধ্যমে ফরম পূরণের ফি জমা দেয়ার বিস্তারিত নিয়মাবলী নিম্নে Flow Chart এবং user Manual এ উল্লেখ করা হলো (ধাপ: ০১-১২):

ধাপ-০১ (Form Fill-up):

www.bteb.gov.bd ⇒ ফরম ফিলাপ ⇒ এইচএসসি পর্যায় ⇒ HSC (BM), (VOC) & Diploma in Commerce Form Fillup-2020

ধাপ-০২:

ধাপ-৩:

Exit | Final List | Admit Summery | Question Count | Payment Summary | First page | Next | Last page

Sem All
Tec All

Bangladesh Technical Education Board
HSC (Business Management) Electronic Form Fillup(EFF)-2020

Click --> Final List Preview 31/12/2019

Exam Year: 2020 [Probable List] Technical And Business Management Institute (11011)

Sl. No.	Reg No SESS	STUDENT'S NAME	FATHER'S NAME MOTHER'S NAME	Trade/Tech.	Stud Type Opt Sub	Subject Code		Roll Sem	Apply	Status
12	0000100018 1617	MST. SUMONA AKTAR	MD. ABU BAKKAR SIDDIK MST. LAJINA KHATUN	(23) Computer Operation	Irregular	1811, 1812, 1813, 1814, 1815, 1816, 1817, 1818, 2318, 2381, 2518	Edit	300019 1		X
13	0000100019 1617	MST. TAZMIRA KHATUN	MD. TORIKUL ISLAM MST. MALEKA BEGUM	(23) Computer Operation	Irregular	1811, 1812, 1813, 1814, 1815, 1816, 1817, 1818, 2318, 2381, 2518	Edit	300020 1		X
14	0000100021 1617	SAHANAZ	ABDUR RAHIM RAJIA BEGUM	(23) Computer Operation	Irregular	1811, 1812, 1813, 1814, 1815, 1816, 1817, 1818, 2318, 2381, 2518	Edit	300022 1		X
15	0000100026 1617	MD. SAMIUL-ISLAM	SAMSUL-HAQUE SAMIRAN-NESA	(23) Computer Operation	Irregular	1811, 1812, 1813, 1814, 1815, 1816, 1817, 1818, 2318, 2381, 2518	Edit	300027 1		X

ধাপ-৪:

Back | Exit | Probable List | Admit Summery | Question Count | Payment Summary | First page | Next | Last page

Sem All
Tec All

Bangladesh Technical Education Board
HSC (Business Management) Electronic Form Fillup(EFF) - 2020

Click Print [use A4 Landscape Paper]
31/12/2019

The following students are applied for the Exam.2020 :

[Final List]

Technical And Business Management Institute (11011)

Sl. No.	Reg No SESS	STUDENT'S NAME	FATHER'S NAME MOTHER'S NAME	Trade/Tech.	Stud Type Opt Sub	Roll Sem	Subject Code		Cancel	Student Signature
9	0000100010 1617	SUFIA	ABUBAKKAR SIDDIK ARZINA	(23) Computer Operation	Irregular	300011 1	1811, 1812, 1813, 1814, 1815, 1816, 1817, 1818, 2318, 2381, 2518	Edit	581414	✓
10	0000100012 1617	MARIOM AKTER	MAJIBUL ISLAM MAYMUNA BEGUM	(23) Computer Operation	Irregular	300013 1	1811, 1812, 1813, 1814, 1815, 1816, 1817, 1818, 2318, 2381, 2518	Edit	636210	✓
11	0000100016 1617	HALIMA AKTER	MD. HACHANUL ISLAM ASIYA BEGUM	(23) Computer Operation	Irregular	300017 1	1811, 1812, 1813, 1814, 1815, 1816, 1817, 1818, 2318, 2381, 2518	Edit	636639	✓
40	2400000031 1718	MD. HABIBUR RAHMAN	MD. RAFIQUL ISLAM MOST. PARUL BEGUM	(23) Computer Operation	Irregular	500005 2	1825[T]	Edit	317810	Late ✓
41	2400000027 1718	SHAHIN ALAM	SURUZZAMAN SAZEDA BEGUM	(23) Computer Operation	Irregular	500011 2	1814[T], 1815[T]	Edit	186854	Late ✓

ধাপ-৫: ধাপ-৪ এর উপরের মাঝামাঝি স্থানের **Payment Summary** তে ক্লিক করতে হবে।

ধাপ-৬:

Bangladesh Technical Education Board
HSC (Business Management) Electronic Form Fillup(EFF) - 2020
[Payment Summery List]

Click Print [use A4 l

Technical And Business M

Sl. No.	Service	Payment Category	Amount
1	FORMFILLUP	(Irregular (2nd yr) IA Pass+Supple (IA Pass)) 1X950	950
2	FORMFILLUP	(Irregular ple (IA Pass)) 1X1120	1120
3	FORMFILLUP	(Irregular 545	1635
4	FORMFILLUP	(Irregular (2nd yr) IA Pass) 7X475	3325
5	FORMFILLUP	(Irregular (2nd yr) New) 2X645	1290
6	FORMFILLUP	(Regular (2nd yr)+Supple (IA Pass)) 1X1120	1120
		(TOTAL) 15	9440

Click for Online Payment

ধাপ-৭: Click for Online Payment এ ক্লিক করতে হবে।

ধাপ-৮:

Bangladesh Technical Education Board

Click Print [us

Inst Name : Technical And Business Management Institute (11011)

Your Payment PIN is : 876099

স্বয়ংক্রিয়ভাবে একটি পিন নম্বর পাওয়া যাবে

Click Here for Online Payment Registration

Click Here for Online Payment Registration এ ক্লিক করতে হবে

ধাপ-৯:

ক) পুরাতন ব্যবহারকারীর ক্ষেত্রে:

পূর্বে থেকে সোনালী সেবার মাধ্যমে Login করে কার্যক্রম গ্রহণ (যেমন SSC (voc) & Dakhil (voc) Class IX & X ইত্যাদি) করে থাকলে পূর্বে User ID ও Password ব্যবহার করে Login করতে পারবেন (নতুন করে Registration করার প্রয়োজন নেই)।

খ) নতুন ব্যবহারকারীর ক্ষেত্রে (New User):



ধাপ-১০:



ধাপ-১১:

Sonali Bill Payment System for BTEB

Institute Payment:

Home	Institute Payment	Institute Payment Search	Password Change	Logout

Curriculum	*-Select-*	HSC (BM)/HSC (voc)/Diploma in Commerce বাছাই করতে হবে।
Fee Type	*-Select-*	XI-XII 2020 বাছাই করতে হবে।
Service	*-Select-*	Form Fill up বাছাই করতে হবে।

If PAID STATUS is **PAID,** 'Print Button is shown. You will also get the PAID ID and PAID DATE. Voucher will be printed if you click on the 'Print' Button.

If PAID STATUS is **PENDING**, 'Print Button is shown. You will also get the PAID ID. Voucher will be printed if you click on the 'Print' Button.

If PAID STATUS is **UNPAID**, 'For Payment' Button is shown. If you Click on this button, your payment Request will be successful.

Print Voucher

You can print the voucher by clicking on 'Print Voucher' Button.

BTEB COUNTER PAYMENT VOUCHER এর তিনটি অংশ থাকবে। একটি অংশ ব্যাংকে রাখবে, আর একটি অংশ নিজের কাছে ও অন্যটি বোর্ডের জন্য। কেন্দ্র সচিবগণ প্রতিষ্ঠান প্রধানের মাধ্যমে Payment Voucher কপি সংগ্রহ করে বোর্ডে জমা দিবেন।

ধাপ-১২: Curriculum, Service, Fee type and Transaction status থেকে আপনার Payment history দেখতে পাবেন।

Online Form Fillup

http://www.bteb.gov.bd/

অনলাইন ফরম ফিলাপ

এইচএসসি পর্যায়

Payment PIN No for HSC (BM)/HSC (voc)/Diploma in Commerce Form Fill up

[বিঃদ্রঃ অন-লাইন সংক্রান্ত কার্যক্রম শেষ দিনে না করাই বাঞ্চনীয়]

স্বাক্ষরিত/-
(ড. সুশীল কুমার পাল)
পরীক্ষা নিয়ন্ত্রক
ফোন ঃ ৯১১৩২৮৩

স্মারক নং-৫৭.১৭.০০০০.৩০২.৯৯.১৪০.১৯.২৫৬(১৬) তারিখ ঃ ৩১-১২-২০২০ খ্রিঃ

অত্র বিজ্ঞপ্তির প্রতিলিপি অবগতি এবং যথাযথ কার্যার্থে প্রেরণ করা হল ঃ-

১. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃষ্টি আকর্ষণ ঃ অতিরিক্ত সচিব (কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ), বাংলাদেশ সচিবালয়, ঢাকা)।
২. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর,আগারগাঁও প্রশাসনিক এলাকা, ঢাকা।
৩. সচিব/ পরিদর্শক /পরিচালক (কারিকুলাম), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৪. জেলা প্রশাসক, সকল জেলা।
৫. উপজেলা নির্বাহী অফিসার, সকল উপজেলা।
৬. অধ্যক্ষ/কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন এইচএসসি (বিএম)/ডিপ্লোমা-ইন-কমার্স শিক্ষাক্রম পরিচালিত প্রতিষ্ঠান।

৭. উপ-পরীক্ষা নিয়ন্ত্রক-সনদ/গোপনীয়/ভোকেশনাল, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৮. উপ-সচিব (রেজিস্ট্রেশন), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৯. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। (বিজ্ঞপ্তিটি বোর্ডের ওয়েবসাইটে দেয়ার জন্য অনুরোধ করা হল)।
১০. কারিকুলাম বিশেষজ্ঞ (বিএম), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১১. উপ-পরিচালক (হিসাব ও নিরীক্ষা), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
(ড্রাফট জমার তারিখে হিসাব শাখা হতে ১০ম তলা (বিএম) শাখায় প্রয়োজনীয় লোকবল নিযুক্ত করার জন্য অনুরোধ করা হল)।
১২. ডকুমেন্টশন অফিসার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৩. প্রেস ম্যানেজার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৪. নিরাপত্তা কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৫. চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৬. সংশ্লিষ্ট নথি।

৩১/১২/২০১৯

(প্রকৌঃ মোঃ আব্দুল হান্নান)
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক
ফোন ঃ ৫৫০০৬৫২৯

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা

পরীক্ষা নিয়ন্ত্রন বিভাগ

এইচএসসি (ব্যবসায় ব্যবস্থাপনা) এবং ডিপ্লোমা ইন-কমার্স পরীক্ষা-২০২০

পরীক্ষার ফি বোর্ডের প্রাপ্ত অংশ এর হিসাব

১ম বর্ষ নিয়মিত		
প্রতিজন পরীক্ষার্থীর নিকট প্রাপ্য	পরীক্ষার ফি	৪০০/-
	নম্বরপত্র ফি	৭৫/-
	বাস্তব প্রশিক্ষণ ফি	৭০/-
	মোট =	**৫৪৫/-**
১ম বর্ষ অনিয়মিত		
১। প্রতিজন পরীক্ষার্থীর নিকট প্রাপ্য (বাস্তব প্রশিক্ষণে পূর্বে পাশকৃত)	পরীক্ষার ফি -	৪০০/-
	নম্বর পত্র ফি -	৭৫/-
	মোট =	**৪৭৫/-**
২। প্রতিজন পরীক্ষার্থীর নিকট প্রাপ্য (বাস্তব প্রশিক্ষণে পূর্বে পাশ না থাকলে)	পরীক্ষার ফি -	৪০০/-
	নম্বর পত্র ফি -	৭৫/-
	বাস্তব প্রশিক্ষণ ফি -	৭০/-
	মোট =	**৫৪৫/-**
১ম বর্ষ পরিপুরক		
১। ২য় বর্ষ পরীক্ষার্থীদের মধ্যে যারা ১ম বর্ষে (১-২) বিষয়ে অকৃতকার্য। সে সকল পরীক্ষার্থীর নিকট প্রাপ্য, (বাস্তব প্রশিক্ষণে পূর্বে পাশকৃতদের জন্য)	পরীক্ষার ফি -	৪০০/-
	নম্বর পত্র ফি -	৭৫/-
	মোট =	**৪৭৫/-**
২। প্রতিজন পরীক্ষার্থীর নিকট প্রাপ্য (বাস্তব প্রশিক্ষণে পূর্বে পাশ না থাকলে)	পরীক্ষার ফি -	৪০০/-
	নম্বর পত্র ফি -	৭৫/-
	বাস্তব প্রশিক্ষণ ফি -	৭০/-
	মোট =	**৫৪৫/-**
২য় বর্ষ নিয়মিত		
প্রতিজন পরীক্ষার্থীর নিকট প্রাপ্য	পরীক্ষার ফি	৪০০/-
	নম্বরপত্র ফি	৭৫/-
	বাস্তব প্রশিক্ষণ ফি	৭০/-
	সনদপত্র ফি	১০০/-
	মোট =	**৬৪৫/-**
২য় বর্ষ অনিয়মিত		
১। প্রতিজন পরীক্ষার্থীর নিকট প্রাপ্য (বাস্তব প্রশিক্ষণের পূর্বে পাশকৃত)	পরীক্ষার ফি -	৪০০/-
	নম্বরপত্র ফি -	৭৫/-
	মোট =	**৪৭৫/-**
২। প্রতিজন পরীক্ষার্থীর নিকট প্রাপ্য (বাস্তব প্রশিক্ষণে পাশ না থাকলে)	পরীক্ষার ফি -	৪০০/-
	নম্বরপত্র ফি -	৭৫/-
	বাস্তব প্রশিক্ষণ ফি -	৭০/-
	মোট =	**৫৪৫/-**
৩। অনিয়মিত কিন্তু ১ম বারে মত ২য় বর্ষ সকল বিষয় পরীক্ষা দিবে	পরীক্ষার ফি	৪০০/-
	নম্বরপত্র ফি	৭৫/-
	বাস্তব প্রশিক্ষণ ফি	৭০/-
	সনদপত্র ফি	১০০/-
	মোট =	**৬৪৫/-**
অন্যান্য	বিলম্ব ফি	**৩০০/-**
	সংযোগ রক্ষা ফি	**৩০০/-**

৩১/১২/২০১৯

(প্রকৌঃ মোঃ আব্দুল হান্নান)

উপ-পরীক্ষা নিয়ন্ত্রক

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ

চাহিদা ফরম-১ আগারগাঁও, শেরে-বাংলা নগর, ঢাকা-১২০৭।

কেন্দ্র কোড ঃ..................

২০২০ সালের এপ্রিল-মে মাসে অনুষ্ঠিতব্য এইচএসসি (ব্যবসায় ব্যবস্থাপনা, ভোকেশনাল) একাদশ ও দ্বাদশ শ্রেনী এবং ডিপ্লোমা- ইন- কমার্স ১ম ও ২য় বর্ষ বোর্ড সমাপনী পরীক্ষা পরিচালনার জন্য উত্তরপত্র এবং পরীক্ষা সংক্রান্ত আনুসঙ্গিক ফরমসমূহের চাহিদা নিম্নে প্রদত্ত হল।

কেন্দ্রের নামঃ.. জেলা ঃ...........................

ক্রমিক নং	ট্রেডের নাম	মোট পরীক্ষার্থী	তত্ত্বীয় পরীক্ষার বিষয় সংখ্যা	মোট উত্তরপত্রের সংখ্যা	মন্তব্য
	সর্বমোট=				

প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষর ও সীল মোহর

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ

চাহিদা ফরম-২

আগারগাঁও, শেরে-বাংলা নগর, ঢাকা-১২০৭।

কেন্দ্রের নাম ঃ... কেন্দ্র কোড ঃ ....

জেলার নামঃ.. মোট পরীক্ষার্থী ঃ...................

ক্রমিক নং	বিবরণ	মোট চাহিদা	কেন্দ্র মজুদের পরিমান	বর্তমান চাহিদা	মন্তব্য
	উত্তরপত্র (লিথো সহ) (মোট উত্তরপত্র ২%)				
	অতিরিক্ত উত্তরপত্র (উত্তরপত্রের সমপরিমাণ)				
	বক্স (মোট পরীক্ষার্থী× মোট বিষয়)/২০০				
	করোগেটেড সীট (মোট পরীক্ষার্থী × বিষয়)/৫০				
	শিরোনামপত্র(বিষয় × পরীক্ষার্থী × ৪)/১০০				এ ফরমগুলো বোর্ডের ওয়েবসাইট থেকেও ডাউনলোড করা যায়। (ওয়েবসাইট, ডাউনলোড ফরম)
	বান্ডেল লেবেল (মোট পরীক্ষার্থী × বিষয়)১০০				
	হাজিরা শীট (মোট পরীক্ষার্থীর সমপরিমাণ)				
	সনদপত্র/নম্বরপত্র উত্তোলনের আবেদন ফরম				
	ফরম নং-১,২,৩ (বহিস্কার ফরম)				

মোবাইল ঃ

কেন্দ্র সচিবের স্বাক্ষর ও সীল মোহর